

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নির্মাণ অধিশাখা



স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৬.০৬.০৪১.১৯-১৭৪

তারিখ: ২৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নোভেল করোনা ভাইরাস (COVID-19) সংশ্লিষ্ট স্থাপনা নির্মাণ-উন্নয়ন কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) এর মাধ্যমে আহ্বান এবং এ সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়নের কমিটি (TEC) অনুমোদন

সূত্রঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পত্র নং-৮২১, তারিখ- ০৯/০৪/২০২০ খ্রিঃ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে শুধুমাত্র নোভেল করোনা ভাইরাস (COVID-19) সংশ্লিষ্ট স্থাপনা নির্মাণ-উন্নয়ন সংক্রান্ত কাজ সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) অনুসরণপূর্বক সম্পাদনের জন্য নির্দেশক্রমে নিম্নোক্ত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন করা হলো :

(১)	প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সভাপতি
(২)	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৩)	উপসচিব (নির্মাণ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	সদস্য
(৪)	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৫)	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৬)	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর একজন প্রতিনিধি (প্রথম শ্রেণীর নিচে নহে)	সদস্য
(৭)	নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (সংশ্লিষ্ট কাজ)	সদস্য সচিব

২। দরপত্র মূল্যায়ন কমিটি প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তাকে কো-অপ্ট সদস্য হিসেবে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবেন।


(মুহাম্মদ শাহাদত হোসেন)
উপসচিব
ফোন-৯৫৭৭৯৮৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
[একজন উপযুক্ত প্রতিনিধি (১ম শ্রেণির নিচে নহে) মনোনয়নের অনুরোধ করা হলো]
- ২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
[সদস্য সচিব হিসেবে সংশ্লিষ্ট কাজের নির্বাহী প্রকৌশলী-কে মনোনয়ন প্রদানের অনুরোধ করা হলো]
- ৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
[একজন নির্বাহী প্রকৌশলী পদের কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধ করা হলো]
- ৪। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক), নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
[একজন নির্বাহী প্রকৌশলী পদের কর্মকর্তাকে মনোনয়নের অনুরোধ করা হলো]
- ৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ